

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
www.dgfood.gov.bd

৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০১.২৪.২৫৩৮

বিষয়: আশুগঞ্জ সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে ওয়ারেন্টি অনুযায়ী ৫০ কেজি ধারণক্ষম পুরাতন ব্যবহারযোগ্য ৫০,০০০ পিস খালিবস্তার চলাচল সূচি

সূত্র: ১। সাইলো অধীক্ষকের কার্যালয়, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ এর ১৭-০৯-২০২৪ খ্রি. ১৩.১০.০০০০.০০৮.৪৭.৩২২.১৪-৪১২৯ নং স্মারক  
২। সাইলো অধীক্ষকের কার্যালয়, আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়া এর ১৫-০৯-২০২৪ খ্রি. ১৩.০১.০০০০.২৯০.৪৭.৬০০.৮৫.১১৭৮ নং স্মারক  
৩। চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখার ১৩-০৬-২০২৪ খ্রি. ১৩.০১.০০০০.০৮১.৩২.০০১.২৪.২০৮৪ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ সাইলোতে ১৭-০৯-২০২৪ খ্রি. তারিখে খালি বস্তার মজুত ৪৩,৮৬৪ পিস যা দিয়ে সর্বোচ্চ ০২ দিন প্রেরণ কাজ চালু রাখা যাবে। বর্তমানে গমের মজুত ৪৭,৯২৭.৫৩১ মে.টন। নারায়ণগঞ্জ সাইলোতে থেকে বিভিন্ন গন্তব্যে চলমান চলাচল সূচির অধীনে অবশিষ্ট প্রেরিতব্য গমের পরিমাণ প্রায় ৪৩০৪৮ মে.টন। প্রেরণ সূচির এই পরিমাণ গম সরবরাহের জন্য খালি বস্তার প্রয়োজন প্রায় ৯,০০,০০০ পিস। গ্রহণ সূচির বিপরীতে চট্টগ্রাম সাইলো, মোংলা সাইলো এবং চট্টগ্রাম বহিনোজার হতে প্রায় ৩৫,৭২২ মে.টন গম খালাসের অপেক্ষায় আছে। নারায়ণগঞ্জ সাইলো হতে বিভিন্ন গন্তব্যে সিআরটিসি, ডিআরটিসি, আইআরটিসি ও আইবিসিসি যোগে চলমান সূচি জারি থাকায় চলতি কার্যক্রমে স্বাভাবিক রাখার জন্য নারায়ণগঞ্জ সাইলোতে ৫০ কেজি ধারণক্ষম নতুন খালি বস্তা সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ ১ নং স্মারকে অনুরোধ জানিয়েছেন।

আশুগঞ্জ সাইলোতে ১৫-০৯-২০২৪ খ্রি. পর্যন্ত ৫০ কেজি ধারণক্ষম ৩,৯৯,৫৮৮ পিস খালি বস্তার মজুত রয়েছে। বর্তমানে পুরাতন বস্তার সংখ্যায় অধিক হওয়ায় এবং স্থান সংকুলান না হওয়ার কারণে ব্যাগিং ফ্লোরে ও বারান্দায় রক্ষিত আছে। কন্ট্রোলরুমে বিভিন্ন বিনের নিচে বস্তা রাখার কারণে বিনের মুখে Low Level Sensor এর কাজ করা সম্ভব হচ্ছে না। আশুগঞ্জ সাইলোর ব্যাগিং হাউজ এবং কন্ট্রোলরুমে বিভিন্ন বিনের নিচে রক্ষিত ব্যবহারযোগ্য খালি বস্তার মধ্যে ন্যূনতম ৬০,০০০ পিস খালি বস্তাসমূহ অতি জরুরিভিত্তিতে সূচি জারি করে অন্যত্র প্রেরণের জন্য সূত্রস্থ ২ নং স্মারকে বিনীত অনুরোধ জানিয়েছেন। এমতাবস্থায়, নারায়ণগঞ্জ সাইলো হতে বিভিন্ন গন্তব্যে জারিকৃত সূচির কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে আশুগঞ্জ সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে ওয়ারেন্টি অনুযায়ী ৫০ কেজি ধারণক্ষম ৫০,০০০ পিস পুরাতন ব্যবহারযোগ্য খালিবস্তার চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো। এছাড়া সূত্রস্থ ৩ নং স্মারকে ব্যবহার উপযোগী খালিবস্তা যথাযথভাবে সংরক্ষণ ও ব্যবহারে দিক নির্দেশনাসমূহ পালন করার জন্য অনুরোধ করা হলো।

সড়ক পথে খালি বস্তার চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	৫০ কেজি ধারণক্ষম ব্যবহারযোগ্য খালিবস্তা (পিস)	রুট	মন্তব্য
১.	ব্রাহ্মণবাড়িয়া	আশুগঞ্জ সাইলো	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ সাইলো	৫০,০০০	সড়ক পথ	চসসা বিভাগ উপসূচি জারি করবেন
				মোট =	৫০,০০০		

**নির্দেশনাসমূহ:**

১। এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচলসূচি প্রণয়ন নীতিমালা ২০০৮ অনুসরণ করতে হবে।

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক ১৮-০৪-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ

করতে হবে;

৩। প্রেরণ কেন্দ্র কর্তৃক বস্তার গুণগতমান এবং বস্তা পুরাতন না কি নতুন তা সুস্পষ্টভাবে ওজনসহ ভি-ইনভয়েসে উল্লেখ করতে হবে।

৪। সূচির বিপরীতে প্রেরিতব্য বস্তা সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকের প্রতিনিধি/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি)/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক যাচাইকৃত হতে হবে;

৫। চলাচল সূচির আওতায় কোন হেঁড়া/ফাটা এবং ব্যবহার অনুপযোগী বস্তা প্রেরণ করা যাবে না। প্রতিটি ট্রাক-এ প্রেরিত বস্তা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহনকৃত বস্তার ট্রাকের সীলগালা অক্ষত আছে কি না তা পরখ করে প্রাপক কেন্দ্র ট্রাক আনলোড করবেন। কিন্তু পথিমধ্যে বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) বস্তা পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

৭। বস্তা প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত বস্তা প্রাপক কেন্দ্র বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। এ সূচির মেয়াদ ৩০-০৯-২০২৪ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে।

১২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১৯-০৯-২০২৪

অনিক পাল অনু

সহকারী খাদ্য নিয়ন্ত্রক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (রুটিন দায়িত্ব), আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম এবং
- ২। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

**স্মারক নম্বর:**

৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা;
- ৩। সাইলো অধীক্ষকের কার্যালয়, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ এবং
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।



১৯-০৯-২০২৪  
অনিক পাল ভট্ট  
সহকারী খাদ্য নিয়ন্ত্রক